WEST BENGAL BOARD

QUESTION PAPER

2024

DOWNLOAD PDF

WEST BENGAL BOARD OF SECONDARY EDUCATION

aglasem.com

3RD SUMMATIVE EVALUATION (2024)

Class-IX Sub.-Geography F.M.-90 Time-3 hrs.

বিভাগ-ক

১। সঠিক উত্তর নির্বাচন করো : ১×১৪=১৪

ক) ভারতের প্রমাণ দ্রাঘিমারেখাটি যে শহরের উপর দিয়ে বিস্তৃত, তার নাম–

i) দিল্লী ii) পাটনা iii) কোয়েম্বাটোর iv) এলাহাবাদ

খ) নিম্নলিখিত কোন বছরটি অধিবর্ষ নয়

i) 2024 ii) 2020 iii) 2000 iv) 2100

গ) পৃথিবীর পরিধি প্রথম নির্ণয় করেন–

i) প্লেটো ii) এরাটোসথেনিস iii) গ্যালিলিও iv) আর্যভট্ট

ঘ) একটি বহির্জাত প্রক্রিয়ার উদাহরণ হল–

i) ভূমিকম্প ii) আবহবিকার iii) অগ্ন্যুৎপাত iv) প্লাত সঞ্চালন

ঙ) আবহবিকারে সৃষ্ট শিথিল শিলাচূর্নকে বলে–

i) সোলাম ii) স্ট্যালাকটাইট iii) হিউমাস iv) রেগলিথ

চ) পার্বত্য অঞ্চলে বিপর্যয়ের মূল কারণ–

i) বন্যা ii) ধস iii) ঝড় iv) দাবানল

ছ) উত্তর পূর্ব ভারতের প্রবেশদ্বার হলো–

i) ধূপগুড়ি ii) ময়নাগুড়ি iii) শিলিগুড়ি iv) জলপাইগুড়ি

জ) একটি অপ্রচলিত শক্তির উৎস হল–

i) খনিজ তেল ii) প্রাকৃতিক গ্যাস iii) কয়লা iv) বায়ু

ঝ) কেলেঘাই ও কংসাবতী নদীর মিলিত প্রবাহের নাম–

i) হলদি ii) রূপনারায়ণ iii) দ্বারকেশ্বর iv) কোপাই

ঞ) মানচিত্রে ভূমিরূপ বোঝাতে যে রেখা ব্যবহার হয় তার নাম–

i) সমোন্নতি রেখা ii) সমপ্রেয় রেখা iii) সমবর্ষণ রেখা iv) সমগভীরতা রেখা

ট) একটি সামাজিক সম্পদের উদাহরণ হল–

i) অরণ্য ii) সূর্যালোক iii) বিদ্যালয় iv) ওজোনস্তর

ঠ) পশ্চিমবঙ্গের কোন জেলায় সবচেয়ে বেশি ধান চাষ হয়–

i) পূর্ব বর্ধমান ii) নদীয়া iii) হুগলি iv) মুর্শিদাবাদ

ড) পশ্চিমবঙ্গে পর্যটন শিল্পের জন্য প্রসিদ্ধ হল–

i) কাঁথি ii) দার্জিলিং iii) রায়গঞ্জ iv) হলদিয়া

ঢ) ভারতের সর্বেক্ষণ বিভাগের সদর দপ্তর অবস্থিত–

i) কলকাতা ii) দেরাদুন iii) বেঙ্গালুরু iv) মুম্বাই

বিভাগ-খ

২। শূন্যস্থান পূরণ করো। (যে কোনো ছয়টি) ৬x১=৬

ক) দ্রাঘিমা রেখার সর্বোচ্চ মান —— ডিগ্রি।

খ) নেপচুন ও ইউরেনাস গ্রহের আবর্তনের দিক পশ্চিম থেকে পূর্বে।

গ) উত্তর গোলার্ধের দীর্ঘতম দিন —— তারিখ।

ঘ) পৃথিবীর বেশির ভাগ আগ্নেয় গিরি —— মহাসাগরে অবস্থিত।

ঙ) বৃষ্টিবহুল অঞ্চলে —— আবহবিকার বেশি কার্যকরী।

চ) প্রাকৃতিক দুর্যোগের একটা উদাহরণ হল ——।

ছ) পশ্চিমবঙ্গের —— শহরে প্রথম কাপড়ের কল গড়ে ওঠে।

জ) মানচিত্রের ডান দিক —— দিক নির্দেশ করে।

৩। একটি বাক্যে উত্তর দাও। (যে কোনো ছয়টি) ৬x১=৬

ক) পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি ?

খ) ভারতের সাতপুরা কি জাতীয় পর্বত ?

গ) মৌজা মানচিত্রে কোন স্কেল দেওয়া থাকে ?

ঘ) একডিগ্রি দ্রাঘিমার পার্থক্যে সময়ের পার্থক্য কত হয় ?

ঙ) কোন আবহবিকার প্রক্রিয়ায় শিলায় মরচে ধরে ?

চ) উপকূল অঞ্চলে কি ধরণের বিপর্যয়ের সম্ভাবনা বেশি থাকে ?

ছ) সল্টলেক কোন শিল্পের জন্য প্রসিদ্ধ ?

জ) পশ্চিমবঙ্গের প্রধান বাগিচা ফসল কোনটি ?

৪। বাক্যগুলি শুদ্ধ না অশুদ্ধ লেখো। (যে কোনো পাঁচটি) ৫x১=৫

ক) শুক্রকে লালগ্রহ বলা হয়।

খ) নক্ষত্রদিন অপেক্ষা সৌরদিন দীর্ঘতম।

গ) আগ্নেয় পর্বতে গস্ত্য উপত্যকা দেখা যায় ?

ঘ) পেঁয়াজের খোসার মত আবহবিকার হয় ক্ষুদ্রকণা বিশরণ প্রক্রিয়ায়।

ঙ) পশ্চিমবঙ্গে গ্রীষ্মকালে উষ্ণ লু বায়ু প্রবাহিত হয় ?

চ) চা উৎপাদনে পশ্চিমবঙ্গ ভারতে প্রথম।

৫। বামদিকের সাথে ডানদিক মেলাও : ৫x১=৫

বামদিক	ডানদিক
ক) রাণীগঞ্জ	i) রাসেল ওয়ালেস
খ) দুর্গাপুর	ii) অঙ্গারযোজন
গ) চুনাপাথর	iii) কয়লাখনি
ঘ) বেডফোর্ড লেভেল	iv) আলফ্রেড ওয়েগনার
ঙ) মহিসঞ্চরণ	v) লৌহ ইস্পাত শিল্প

বিভাগ-গ

৬। টীকা লেখো। (যে কোনো ছয়টি) ৬X২=১২

ক) মানচিত্র অভিক্ষেপ
খ) সময় অঞ্চল
গ) পুঞ্জিত ক্ষয়
ঘ) জৈব সম্পদ
ঙ) মহীখাত
চ) তরাই
ছ) দাবানল
জ) কালবৈশাখী
ঝ) খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্প
ঞ) ম্যাগনেটাইট
ট) সোনালী তন্তু
ঠ) IISCO

বিভাগ-ঘ

৭। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। ৪X৩=১২

ক) অক্ষরেখা ও দ্রাঘিমা রেখার পার্থক্য লেখো।
খ) নিরক্ষরেখায় ঋতু পরিবর্তন হয়না কেন ?
গ) সমভূমি অঞ্চলে লোক বসতি বেশি হয় কেন ?
ঘ) দুর্যোগ ও বিপর্যয়ের পার্থক্য লেখো।
ঙ) যান্ত্রিক আবহবিকার ও রাসায়নিক আবহবিকারের পার্থক্য লেখো।
চ) পশ্চিমবঙ্গে পাট শিল্পে সমস্যাগুলি কি কি ?
ছ) ক্ষুদ্র ও বৃহৎ স্কেলের মানচিত্রের পার্থক্য কি ?
জ) প্রচলিত ও অপ্রচলিত শক্তির পার্থক্য লেখো।

বিভাগ-ঙ

৮। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। ৪X৩=১২

ক) পৃথিবীর অভিগত গোলাকৃতির স্বপক্ষে তিনটি প্রমাণ দাও।
খ) কর্কট সংক্রান্তি ও মকর সংক্রান্তি কি ভাবে সংগঠিত হয় লেখো।
গ) যে কোনো তিনপ্রকার মালভূমি সম্পর্কে আলোচনা করো।
ঘ) যে কোনো দুইপ্রকার যান্ত্রিক আবহবিকার প্রক্রিয়া বর্ণনা করো।
ঙ) কয়লা ও খনিজতেলের ব্যবহারগুলি লেখো।
চ) পশ্চিমবঙ্গের জলবায়ুর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
ছ) পশ্চিমবঙ্গে চা শিল্প প্রসার লাভের কারণগুলি লেখো।
জ) নিউইয়র্ক (৭৪° পশ্চিম) স্থানীয় সময় যখন সকাল ৭ টা তখন ভারতের (৮২°৩০′ পূর্ব) স্থানীয় সময় কত ?

বিভাগ-চ

৯। পশ্চিমবঙ্গের রেখা মানচিত্রে নিম্নলিখিত বিষয়গুলি চিহ্নিত করো। ১০X১=১০

ক) গোর্গাবুরু
খ) হলদিয়াবন্দর
গ) সান্দাকফু
ঘ) কলকাতা
ঙ) একটি ম্যানগ্রোভ অরণ্য
চ) তরাই অঞ্চল
ছ) শান্তিনিকেতন
জ) রাণীগঞ্জ কয়লাখনি
ঝ) তিস্তা নদী
ঞ) একটি পাট শিল্প কেন্দ্র

QUESTION PAPERS

GET PREVIOUS YEAR QUESTION PAPERS FOR ALL CLASSES FOR CBSE, ISCSE, ISC AND ALL ALL STATE BOARDS HERE AT AGLASEM.COM

BOARD WISE

- Andhra Pradesh Board Question Papers
- Assam Board Question Papers
- Bihar Board Question Papers
- Chhattisgarh Board Question Papers
- Goa Board Question Papers
- Gujarat Board Question Papers
- Haryana Board Question Papers
- Himachal Pradesh Board Question Papers
- J&K State Board Question Papers
- Jharkhand Board Question Papers
- Karnataka Board Question Papers
- Kerala Board Question Papers
- Madhya Pradesh Board Question Papers
- Maharashtra State Board Question Papers
- Manipur Board Question Papers
- Meghalaya Board Question Papers
- Mizoram Board Question Papers
- Nagaland Board Question Papers
- Orissa Board Question Papers
- Punjab Board Question Papers
- Rajasthan Board Question Papers
- Tamil Nadu Board Question Papers
- Telangana State Board Question Papers
- Tripura Board Question Papers
- Uttarakhand Board Question Papers
- Uttar Pradesh (UP) Board Question Papers
- West Bengal (WB) Board Question Papers